

দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ৯৭ অনুযায়ী স্বদেশে ভোগের অথবা রপ্তানি বা অন্য কোন পণ্যাগারে অপসারণ বা এই আইনের ব্যবস্থিত বিধান ব্যতীত কোন পণ্য ওয়্যার হাউসের বাহিরে নেয়া যাবেনা। দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ১০৪ অনুযায়ী স্বদেশে ভোগের জন্য, ধারা ১০৫ অনুযায়ী রপ্তানির জন্য এবং ধারা ১০৬ অনুযায়ী বিদেশী গন্তব্যে অগ্রসরমান যানবাহনে রসদসামগ্রী হিসাবে রপ্তানির জন্য খালাস করা যাবে।

গুদামজাতকৃত  
পণ্য খালাসের ক্ষেত্রে  
আইনের কি কি বিধান  
প্রচলিত আছে ?

- (ক) ধারা ১০৪ অনুযায়ী বন্ডেড ওয়্যার হাউসে গুদামজাত পণ্য বন্ডিং সময়সীমার মধ্যে শুদ্ধ আইনের বিধানাবলীর অধীন আরোপযোগ্য শুদ্ধ করাদিসহ সকল ভাড়া, অর্ধদন্ড, সুদ ও অন্যান্য চার্জসমূহ পরিশোধপূর্বক খালাস করা যাবে। তবে স্পেশাল বন্ডেড ওয়্যার হাউসের ক্ষেত্রে বিশেষ উদ্দেশ্যে স্বদেশে ভোগের জন্য খালাশের ক্ষেত্রে কমিশনারের নিকট থেকে পনের দিনের অগ্রিম অনুমতি গ্রহণ করতে হবে;
- (খ) ধারা ১০৫ অনুযায়ী বন্ডিং সময়সীমার মধ্যে যে কোন সময় ওয়্যার হাউসজাত পণ্য পূর্ব নির্ধারিত সকল ভাড়া, অর্ধদন্ড, সুদ ও অন্যান্য চার্জসমূহ পরিশোধপূর্বক উহাদের উপর আরোপযোগ্য কোন আমদানি শুদ্ধ পরিশোধ ব্যতীত বাংলাদেশের বাইরে রপ্তানি করা যাবে। শর্তারোপ আছে যদি সরকার মনে করে নির্দিষ্ট বর্ণনার পণ্য চোরাচালানপূর্বক ফেরৎ আসতে পারে তবে সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা উক্ত পণ্যের রপ্তানির বিষয়ে নিয়ন্ত্রণ আরোপ করতে পারবে;
- (গ) ধারা ১০৬ অনুযায়ী বন্ডিং সময় সীমার মধ্যে যে কোন সময় ওয়্যার হাউসজাত পণ্য বিদেশী গন্তব্যে অগ্রায়মান জাহাজে শুদ্ধকর পরিশোধ ব্যতিরেকে রপ্তানি করা যাবে;
- (ঘ) ধারা ১০৭ অনুযায়ী বন্ডেড ওয়্যার হাউস হতে স্বদেশে ভোগের জন্য অথবা রপ্তানির উদ্দেশ্যে পণ্য খালাসের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে খালাসের অন্তত ২৪ ঘন্টা পূর্বে যথাপযুক্ত কর্মকর্তার নিকট আবেদন করতে হবে। তবে স্পেশাল বন্ডেড ওয়্যার হাউসের ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি কমিশনার কর্তৃক নির্ধারিত হবে।